

নবীনবরণ অনুষ্ঠান পণ্ড

পলিটেকনিক ও টেক্সটাইল ইন্সটিটিউটের ছাত্রদের মধ্যে সংঘর্ষ

বায়াদি রিপোর্ট

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্রদের সঙ্গে টেক্সটাইল ইন্সটিটিউটের ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে ১০/১৫ জন ছাত্রছাত্রী আহত হয়। খবর পেয়ে রায় ও পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। গতকাল রাতে টেক্সটাইল ইন্সটিটিউট মিলনায়তনে নবীনবরণ অনুষ্ঠানে এ ঘটনা ঘটে। জানা গেছে, সন্ধ্যায় সমকালের সুন্দর সমাবেশে সৌজন্যে নবীনবরণ অনুষ্ঠান শুরু হয়। টেক্সটাইল ইন্সটিটিউটের ছাত্রছাত্রীরা এ অনুষ্ঠানে যোগদান করে। এই অনুষ্ঠান উপলক্ষে কনসার্টের আয়োজন করা হয়। রাত ৮টায় কনসার্ট শুরু হওয়ার সঙ্গে সঙ্গে

পলিটেকনিক ও টেক্সটাইল
(শেষ পৃষ্ঠার পর)

পলিটেকনিক ইন্সটিটিউটের ৬০/৭০ জন ছাত্র মিলনায়তনে ঢুকতে পড়ে। অনুষ্ঠান চলাকালে তারা এক পর্যায়ে মিলনায়তনের ওপর দিক থেকে টেক্সটাইল ইন্সটিটিউটের মেয়েদের লক্ষ্য করে ফুল, কাগজ ছুঁড়ে মারে ও অশালীন উক্তি করে। এ সময় টেক্সটাইলের ছাত্ররা তাদের বাধা দেয়। এতে পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্ররা উত্তেজিত হয়ে অনুষ্ঠান বন্ধ করে দেয়। পলিটেকনিকের ছাত্ররা লতিফ ছাত্রাবাসে খবর পাঠালে কয়েকশ ছাত্র ঘটনাস্থলে ছুটে যায়। তারা অনুষ্ঠান চালু করতে বলে। কিন্তু টেক্সটাইলের ছাত্ররা অনুষ্ঠান শুরু করতে অস্বীকৃতি জানায়। টেক্সটাইলের ছাত্ররা এখন প্রধান গেট বন্ধ করে দেয়। এতে উভয় পক্ষের উত্তেজিত ছাত্ররা সংঘর্ষে জড়িয়ে পড়ে। পলিটেকনিকের ছাত্ররা এ সময় বেশকিছু আসন্নবপত্র ও ফুলের টব জাফুর করে।